
# 20 September 2023

## International & National News

### চাঁদের কম্পন




চাঁদের কম্পন সম্পর্কিত মূল তথ্য

• এটি হলো সিসমিক কম্পন যা চন্দ্রপৃষ্ঠে ঘটে।

• এটি পৃথিবীর ভূমিকম্পের চেয়ে কম তীব্র।

• সবচেয়ে শক্তিশালী চাঁদের কম্পনগুলি রিখটার স্কেলে 5.5 পর্যন্ত মাত্রায় পৌঁছাতে পারে, তবে বেশিরভাগই দুর্বল।

• এটি অ্যাপোলো মিশন দ্বারা চাঁদের পৃষ্ঠে স্থাপন করা সিসমোমিটার ব্যবহার করে পরিমাপ করা হয়।


• এটি বিজ্ঞানীদের চাঁদের অভ্যন্তরীণ গঠন এবং ইতিহাস সম্পর্কে জানতে সাহায্য করেছে।

তুমি কি জানতে**?**

• চাঁদেও কম্পন হয়। এগুলোকে ভূমিকম্প বলা হয় না বরং চাঁদের কম্পন বলা হয়। এটি  পৃথিবীর মহাকর্ষীয় প্রভাব দ্বারা সৃষ্ট হয়।

•  পৃথিবীতে সংগঠিত ভূমিকম্প মাত্র কয়েক মিনিট স্থায়ী হয়, যেখানে চাঁদে সংগঠিত কম্পন আধ ঘন্টা পর্যন্ত স্থায়ী হতে পারে। যদিও তারা ভূমিকম্পের তুলনায় অনেক দুর্বল।

### প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা




খবরে:

• তথ্য অনুসারে, 6 বছরের মধ্যে প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনায় সর্বোচ্চ নথিভুক্তকরণ হয়েছে।

প্রকল্পটি সম্পর্কিত মূল তথ্য:


• এটি **2016** সালে চালু হয়েছে।

• এটি কেন্দ্রীয় সরকার দ্বারা স্পনসর করা একটি  স্কিম।

• এটি কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রনালয় দ্বারা পরিচালিত।

• এটি ন্যাশনাল এগ্রিকালচারাল ইন্স্যুরেন্স স্কিম (NAIS) এবং মডিফাইড ন্যাশনাল এগ্রিকালচারাল ইন্স্যুরেন্স স্কিমকে (MNAIS) প্রতিস্থাপিত করেছে।


যোগ্যতা: বিজ্ঞাপিত এলাকায় বিজ্ঞাপিত ফসলের চাষকারী ভাগচাষী এবং ভাড়াটিয়া

<table>
<tr>
<td></td>
<td>কৃষক সহ সমস্ত কৃষকরা আর্থিক সহায়তা পাওয়ার জন্য যোগ্য।<br><br>উদ্দেশ্য:<br><br>• প্রাকৃতিক বিপর্যয়, কীটপতঙ্গ এবং রোগের কারণে ফসলগুলির ক্ষতি হলে ক্ষতিগ্রস্থ কৃষকদের বীমা কভারেজ এবং আর্থিক সহায়তা প্রদান করা।<br><br>• কৃষকদের যতটা সম্ভব ক্ষতি পূরণের মাধ্যমে তাদের আয় স্থিতিশীল করা এবং তাদের কৃষি কাজে উৎসাহিত করা।<br><br>• কৃষকদের উদ্ভাবনী ও আধুনিক কৃষি পদ্ধতি গ্রহণে উৎসাহিত করা।<br><br>• কৃষি খাতে ঋণের প্রবাহ নিশ্চিত করা।<br><br>প্রিমিয়াম:<br><br>• সমস্ত খরিফ ফসলের জন্য কৃষকদের শুধুমাত্র 2% এবং সমস্ত রবি শস্যের জন্য 1.5% প্রিমিয়াম দিতে হবে।<br><br>•বার্ষিক বাণিজ্যিক এবং উদ্যান ফসলের ক্ষেত্রে, কৃষকদের মাত্র 5% প্রিমিয়াম দিতে হবে।</td>
</tr>
<tr>
<td>যক্ষ্মা রোগীদের জন্য পুষ্টি সহায়তা প্রদান করা হবে<br><br>
</td>
<td>প্রসঙ্গ<br><br>সাম্প্রতিক রিপোর্ট অনুযায়ী-<br><br>• অপুষ্টি **TB** রোগের প্রধান কারণ।<br><br>• ভারতে বার্ষিক TB ঘটনার 55% অপুষ্টির কারণে ঘটে।<br><br>• ভারতে 45% মানুষ অপুষ্টির শিকার, প্রতি বছর প্রায় 1.2 মিলিয়ন TB কেস পাওয়া যায়।<br><br>নিক্ষয় পোষণ যোজনা<br><br>•নিক্ষয় পোষণ যোজনা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক দ্বারা **2018** সালে চালু হয়েছিল।<br><br>• এটির লক্ষ্য প্রতিটি যক্ষ্মা (টিবি) রোগীকে পুষ্টির প্রয়োজনের জন্য প্রতি মাসে **500** টাকা আর্থিক সহায়তা প্রদান করা।<br><br><br>নিক্ষয় মিত্র উদ্যোগ</td>
</tr>
</table>

To get free Live Classes, Materials Scan this QR Code & Download our Adda247 App


| | |
|---|---|
| | • এটি প্রধানমন্ত্রী টিবি মুক্ত ভারত অভিযানের অধীনস্থ একটি উদ্যোগ।<br><br>• টিবি আক্রান্ত রোগীদের পুষ্টি, ডায়াগনস্টিক এবং বৃত্তিমূলক এই তিনটি স্তরে সহায়তা প্রদান করা হবে।<br><br>উদ্দেশ্য:<br><br>• টিবি রোগীদের বিরুদ্ধে বিদ্যমান সামাজিক কলঙ্ক এবং বৈষম্য দূর করা এবং তাদের প্রয়োজনীয় পুষ্টি ও সামাজিক সহায়তা প্রদান করা এবং তাদের স্বাভাবিক জীবনযাপনে সহায়তা করাই হলো এটির প্রধান লক্ষ্য।<br><br>• এটির আর একটি লক্ষ্য হলো নির্বাচিত প্রতিনিধি, কর্পোরেট, NGO এবং ব্যক্তিদেরকে দাতা/স্পন্সর হিসাবে এগিয়ে আসতে উৎসাহিত করা যা রোগীদের পুনরুদ্ধারের দিকে তাদের যাত্রা সম্পূর্ণ করতে সহায়তা করবে। |
| নি-ক্ষয় **2.0** পোর্টাল<br><br><br> | নি-ক্ষয় **2.0** পোর্টাল সম্পর্কিত তথ্য<br><br>নি-ক্ষয় 2.0 পোর্টাল টিবি আক্রান্ত ব্যক্তিদের সহায়তা প্রদান করবে এবং কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) সুযোগগুলিকে কাজে লাগানোর জন্য এটি একটি ডিজিটাল প্ল্যাটফর্ম।<br><br>'ডিফারেনসিয়েটেড টিবি কেয়ার' হলো উদ্যোগের একটি অংশ যার লক্ষ্য হল রোগীদের মূল্যায়ন করা এবং পরীক্ষা করে সিদ্ধান্ত নেওয়া যে টিবি আক্রান্ত ব্যক্তিদের অ্যাম্বুলেটরি কেয়ার বা স্বাস্থ্য সুবিধায় ভর্তির প্রয়োজন আছে কিনা। |
| গ্লোবাল বায়োফুয়েলস অ্যালায়েন্স **(GBA)** | গুরুত্বপূর্ণ পয়েন্ট<br><br>• GBA হল একটি ভারত-নেতৃত্বাধীন উদ্যোগ যা জৈব জ্বালানি গ্রহণের সুবিধার্থে সরকার, আন্তর্জাতিক সংস্থা এবং শিল্পের জোট গড়ে তোলার জন্য সংগঠিত হয়েছে।<br><br>• প্রতিষ্ঠাতা সদস্য - ভারত, ব্রাজিল এবং মার্কিন যুক্তরাষ্ট্র এই জোটের প্রতিষ্ঠাতা সদস্য।<br><br>• এই জোটের লক্ষ্য হবে সহযোগিতা সহজতর করা এবং পরিবহন খাতে টেকসই জৈব জ্বালানীর ব্যবহার জোরদার করা।<br><br>তুমি কি জানতে**?** |

| | |
|---|---|
| | • ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ব্রাজিল বিশ্বব্যাপী ইথানল উৎপাদনের মোট 85 শতাংশের জন্য দায়ী যেখানে মার্কিন যুক্তরাষ্ট্রের 55 শতাংশ শেয়ার রয়েছে, ব্রাজিলের 27 শতাংশ এবং ভারতের 3 শতাংশ শেয়ার রয়েছে। |




| | |
|---|---|
| ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোর **(IMEC)** | প্রসঙ্গ<br><br>• সম্প্রতি 'ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোর' (IMEC) প্রতিষ্ঠার জন্য MoU চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br><br>**IMEC**<br><br>• IMECকে এশিয়া, আরব উপসাগর এবং ইউরোপের মধ্যে অর্থনৈতিক একীকরণের জন্য রেললাইন এবং সমুদ্রপথ সমন্বিত পরিবহন করিডোরগুলির একটি নেটওয়ার্ক হিসাবে কল্পনা করা হয়েছে।<br><br>• এই উদ্যোগটি পার্টনারশিপ ফর গ্লোবাল ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট (PGII) এর অংশ।<br><br>• এটির লক্ষ্য হল উন্নয়নশীল দেশগুলিতে সরকারী ও বেসরকারী বিনিয়োগের মাধ্যমে |

| | |
|---|---|
| | অবকাঠামো প্রকল্পে অর্থায়ন করা। |




| | |
|---|---|
| মধ্যপ্রাচ্য অর্থনৈতিক করিডোরের তাৎপর্য | জড়িত থাকা দেশ - ভারত, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন, জার্মানি, ইতালি এবং ফ্রান্স এবং ইসরায়েল।<br><br>মূল তথ্য:<br><br>1. বর্তমানে ভারত ও ইউরোপের মধ্যে সমস্ত বাণিজ্য সুয়েজ খালের মাধ্যমে সমুদ্রপথে হয়।<br><br>2. করিডোরের কারণে, ভারতীয় পণ্য 10 দিনের মধ্যে ইউরোপে পৌঁছাতে পারে - যা সুয়েজ খালের চেয়ে 40% দ্রুত পৌঁছাতে পারবে।<br><br>3. যেসব বন্দর জড়িত আছে সেইগুলি হলো:<br><br>o ভারত - কান্দালা, মুন্ধরা এবং জওহরলাল নেহেরু বন্দর<br><br>o সৌদি আরব:- দামান ও রাস আল খায়ের<br><br>o সংযুক্ত আরব আমিরাত - ফুজাইরাহ, জেবেল আলী এবং আবুধাবি।<br><br>o ইসরাইল - হাইফা<br><br>o ইউরোপীয় - মেসিনা (ইতালি), ম্যাসেইলি (ফ্রান্স) এবং পাইরাস (গ্রীস)।<br><br>তুমি কি জানতে**?** |

| | |
|---|---|
| | ইসরায়েল এবং সংযুক্ত আরব আমিরাত এই করিডোরের অংশ হলেও তারা দীর্ঘদিন ধরে প্রতিদ্বন্দ্বী ছিল। এবং শান্তির উপসংহারে আব্রাহাম একর্ড এই চুক্তিতে স্বাক্ষর করেছেন। |

***Copyright © by Adda247***
*All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording or otherwise, without prior permission of Adda247.*